ইরান যুদ্ধের প্রভাবে ইউরোপের অর্থনীতি দুর্বল হতে পারে: এরদোয়ান



তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়্যেপ এরদোয়ান। ছবি: সংগৃহীত

ইরান সংঘাতের প্রভাব এখন ইউরোপেও পড়তে শুরু করেছে বলে মন্তব্য করেছেন তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান। তিনি সতর্ক করে বলেন, পরিস্থিতি নিয়ন্ত্রণে না এলে ভবিষ্যতে এর প্রভাব আরও বাড়বে এবং ইউরোপের স্থিতিশীলতা ঝুঁকিতে পড়তে পারে।

জার্মান প্রেসিডেন্ট ফ্রাঙ্ক-ভাল্টার স্টাইনমায়ারের সঙ্গে ফোনালাপে তিনি জানান, চলমান যুদ্ধ ইতোমধ্যেই ইউরোপের অর্থনীতিতে চাপ তৈরি করছে। দ্রুত শান্তির উদ্যোগ না নিলে ক্ষতির পরিমাণ আরও বাড়বে বলেও তিনি উল্লেখ করেন।

অন্যদিকে যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরানের সঙ্গে সংঘাতের কোনো নির্দিষ্ট সমাপ্তির সময় নেই। তিনি দাবি করেন, আলোচনার জন্যও কোনো চূড়ান্ত সময়সীমা নির্ধারণ করা হয়নি এবং হরমুজ প্রণালিতে জাহাজ আটকানোর ঘটনাকে তিনি এখনই যুদ্ধবিরতি ভঙ্গ হিসেবে দেখছেন না।

মার্কিন প্রতিরক্ষা দপ্তরের তথ্য অনুযায়ী, হরমুজ প্রণালীতে ইরান অন্তত ২০টির বেশি মাইন স্থাপন করেছে, যেগুলোর কিছু শনাক্ত করা কঠিন। এসব অপসারণে প্রায় ছয় মাস সময় লাগতে পারে। সংঘাত চলতে থাকলে বৈশ্বিক তেলের বাজারে বড় ধরনের অস্থিরতা তৈরির আশঙ্কা রয়েছে।